জি-২০
ডিজিটাল সাম্রাজ্যবাদ

অত্রি ভট্টাচার্য, ঋদ্ধিহোত্রী হাজরা

জ্ঞানগঞ্জ

জ্ঞানগঞ্জ, হকার সংগ্রাম কমিটি, উপনিবেশ-বিরোধী
কর্পোরেট-বিরোধী চর্চা

জি-২০ ডিজিটাল সাম্রাজ্যবাদ
G-20 Digital Samrajyobad
অত্রি ভট্টাচার্য, বহ্নিহোত্রী হাজরা

১৭৭০/১১৭৬ গণহত্যা গবেষণা আন্দোলন ।। জনভাণ্ডার ।। অপ্রাতিষ্ঠানিক গবেষণা উদ্যম।। বই প্রকাশ পরিকল্পনা।। গ্রন্থাগার প্রকল্পের অধীনে জ্ঞানগঞ্জ ।। উপনিবেশ-বিরোধী কর্পোরেট-বিরোধী চর্চা, ৪ হিদারাম ব্যানার্জী লেন, কলকাতা - ৯ পক্ষে প্রকাশনা করলেন বিশ্বেন্দু নন্দ, বহ্নিহোত্রী হাজরা, শমিত সান্যাল, অত্রি ভট্টাচার্য

সম্পাদকমণ্ডলী বিশ্বেন্দু নন্দ, বহ্নিহোত্রী হাজরা, অত্রি ভট্টাচার্য, শমিত সান্যাল, দেবব্রত দে, অর্ক ভাদুড়ি, মহুয়া লাহিড়ী, অর্ণব সাহা, জ্যোতি বন্দ্যোপাধ্যায়, ভবতোষ সরকার, সৌরভ গুহ, সুরজিৎ সেন, রক্তিম ঘোষ, মিলটন বিশ্বাস, সৈয়দ নকিব মাহমুদ, শাজাহান আলি, ইমরাজ শেখ মির্জা

ছাপা বাঁধাই বাদল ঘোষ, এরিস্টোপ্রিন্ট, ৪ হিদারাম ব্যানার্জী লেন, কলকাতা - ৯

দাম ৭০ টাকা

কপিরাইট নেই

জি ২০ নব্য ইস্ট ইন্ডিয়া কোম্পানি রাষ্ট্রের নীল নকশা



ডিজিটাল সাম্রাজ্যবাদের নামে
নয়া কোম্পানি-রাজের
মুখোশ ছিঁড়ে ফেলুন

ভারতের ‘বিশ্বগুরু’ হয়ে ওঠার ঘোষণায় মুখরিত ও নরেন্দ্র মোদীর হাসিমুখের ছবি, চব্বিশ ঘণ্টা দেখানো কর্পোরেট প্রচারযন্ত্রের বিপরীতে গত ১৬ থেকে ১৮ই আগস্ট দিল্লিতে সিপিআইএমের দফতর হরকিষেণ সিং সুরজিৎ ভবনে একজোট হয়েছিলেন কিছু ‘আন্দোলনজীবী’। সেখানে উপস্থিত ছিলেন গান্ধীবাদী সমাজকর্মী মেধা পাটকর, হর্ষ মান্দার, সিপিআইএমের পলিটব্যুরোর সদস্যা বৃন্দা কারাত, কৃষকসভার নেতা হান্নান মোল্লা, অর্থনীতিবিদ অরুণ কুমার ও জয়তী ঘোষ, আরজেডির রাজ্যসভার সাংসদ মনোজ ঝা, রাষ্ট্রীয় নিপীড়নের অন্যতম শিকার আরেক সমাজকর্মী তিস্তা শেতলবাদ, জিএম শস্যবিরোধী লড়াইয়ের এবং পারম্পরিক বীজ সংরক্ষণের পক্ষে আজীবন লড়ে যাওয়া পরিবেশকর্মী বন্দনা শিবা এবং এদেশের পথব্যবসায়ী ও হকারদের অবিসংবাদী প্রতিনিধি ন্যাশনাল হকার ফেডারেশনের শক্তিমান ঘোষ। আসন্ন জি-২০ বৈঠকের বিপ্রতীপে এঁরা নিজেদের সম্মেলনের নাম দিয়েছেন উই২০ - মহাশক্তিধর রাষ্ট্রজোট ও কর্পোরেট বহুজাতিক কোম্পানিগুলির আঁতাতের বিরুদ্ধে ভারতের আমজনতার বহুস্বরীয় জোট। এই সম্মেলন চলেছে ১৮-২০ অগাস্ট। সম্মেলনের স্লোগান ছিল ‘LET’S PUT PEOPLE BACK ON THE MAP’। পৃথিবীর মানচিত্রে মানুষ কোথায়? এই কূটপ্রশ্নটি তোলা হয়েছে জি২০-র ‘এক পৃথিবী, এক পরিবার’ স্লোগানের বিরুদ্ধে উই২০-র সুরজিৎ ভবনের কনভেনশনে। কনভেনশনের দাবি ছিল - ক্ষুধা, দারিদ্র্য, অশিক্ষা, ধর্মবিদ্বেষ, বর্ণবিদ্বেষ, শ্রেণিঘৃণামুক্ত পৃথিবী। দূষণমুক্ত পরিবেশ। দুশোর বেশি সংগঠন এতে অংশ নিয়েছে। ছিলেন কংগ্রেস নেতা জয়রাম রমেশ। কুখ্যাত দিল্লি পুলিস প্রতিনিধিদের হলে ঢুকতে, বেরোতে বাধা দেয়। সাংবাদিকদেরও ঢুকতে দেয়নি অমিত শাহের পুলিসবাহিনী, পুরো হল ঘিরে রাখা হয়। অর্থাৎ, এখন মোদী-রাজত্বে একটি গণতান্ত্রিক পদ্ধতি ভোটে অংশগ্রহণকারী রাজনৈতিক দলের সদর দফতরে বসে সভা করতে গেলেও পুলিসের অনুমতি লাগবে।

গত ১৩ জুলাই ২০২৩ ‘কনসার্নড সিটিজেন্স’ নামক একটি নাগরিক গোষ্ঠী এক ভয়াবহ আশঙ্কা প্রকাশ করে। কলকাতা, দিল্লি, মুম্বই, নাগপুর, উদয়পুর - এইসব শহরে জোরকদমে একইসঙ্গে চলছে সৌন্দর্যায়ন প্রকল্প এবং জনবসতি উচ্ছেদ। উদ্দেশ্য জি২০ সম্মেলনে আগত দেশবিদেশের প্রতিনিধিদের দেখানোর জন্য ঝকঝকে তকতকে দেশনির্মাণ। এই রিপোর্টটি প্রকাশের সঙ্গে যুক্ত ছিলেন হর্ষ মান্দার, সিমলার প্রাক্তন ডেপুটি মেয়র টিকেন্দর পানওয়ার এবং প্রবীণ সাংবাদিক পামেলা ফিলিপোজ।

দেশব্যাপী বস্তিবাসী মানুষের উচ্ছেদের বিরুদ্ধে গঠিত বস্তিসুরক্ষা মঞ্চের মতে, জি২০ শীর্ষ বৈঠকের জন্য বাস্তুহারা হয়েছেন প্রায় আড়াই থেকে তিন লক্ষ মানুষ। শুধুমাত্র দিল্লিতে সেপ্টেম্বরের জি২০ বৈঠকের জন্য সম্পূর্ণ উচ্ছেদ করা হয়েছে পঁচিশটি বস্তি। বিশাখাপত্তনমে এএসআর নগরে যখন জি২০-র প্রতিনিধিরা আসেন, তখন তাঁদের যাওয়া আসার রাস্তায় চেঞ্চু আদিবাসী গোষ্ঠীর পরিবারগুলির জনবসতি ঢেকে ফেলা হয়েছিল যাতে এই মালিন্য, দারিদ্র্য প্রতিনিধিদের চোখে না পড়ে।

ফাইন্যানশিয়াল এক্সপ্রেস কাগজের ওয়েব সংস্করণে ২০ এপ্রিল ২০২৩ তারিখে জনৈক প্রণয় কুমার সোম Decolonising the Indian mind নিবন্ধে ভারতে আয়োজিত

হতে চলা জি২০ শীর্ষ বৈঠককে একটি উপনিবেশ-বিরোধী উদ্যোগ হিসাবে দেখাতে চেয়েছেন। ইউরোপীয় আলোকপ্রাপ্তির প্রভাবে দূষিত ভারতীয় মস্তিষ্ক নাকি এই বৈঠকের পর স্বনির্ভর, থুড়ি আত্মনির্ভর হবে। তিনি লিখেছেন India's historic presidency of G20 is monumental for the shedding of entrenched coloniality in the Indian psyche. এরপর উপনিবেশবিরোধী ধর্মযোদ্ধা হিসাবে নরেন্দ্র মোদীর জয়গান গেয়েছেন। এমনকি দু পা বাড়িয়ে দেশ ও দশের স্বার্থে বুদ্ধিজীবীদের সমর্থনও চেয়েছেন Decolonising the Indian psyche is, however, not an overnight process. It will take time as change in the habits of the people of our great country will be a massive socio-psychological process which will require the support of intellectuals across the political spectrum. মনে রাখতে হবে, লেখক ডিফেন্স স্টাডিজের একজন সরকারি দিগগজ। সুতরাং মেট্রো স্টেশন থেকে মফস্বল - সর্বত্র এই যে জি২০র ঢাক বাজিয়ে প্রচার চলছে, তা আসলে ভিতরে ভিতরে ক্ষয়ে যাওয়া একটা সামাজিক-অর্থনৈতিক কাঠামোকে দেশপ্রেমের রঙিন চাদরে মোড়ার সচেতন প্রয়াসমাত্র।

যারা এই সার্বিক লুঠের বিরুদ্ধে আওয়াজ তুললে সভায় পুলিস পাঠায়, বুলডোজার দিয়ে কর্পোরেট স্বার্থে বস্তি উচ্ছেদ করে, তাদের পূর্বপুরুষরাই ছিল ইস্ট ইন্ডিয়া কোম্পানির চাটুকার, অন্ধকারে ইংরেজ পুলিশ ডেকে বিপ্লবীদের ধরিয়ে দেওয়া লোক। একটা কথা স্পষ্টভাবে বুঝে নেওয়া দরকার, কর্পোরেট-বিরোধিতা ছাড়া, এদেশের চাষি-হকার-মৎস্যজীবী-কারিগরের বিকেন্দ্রীভূত অর্থনীতিকে ধ্বংস করে কোনো উপনিবেশবিরোধিতা, কোনো স্বনির্ভরতার জন্ম হতে পারে না। যারা তেমন বলছে বা করছে তারা উপনিবেশেরই ফসল, কেবল মুখোশটা দেশপ্রেমের। এই নয়াউদারবাদী ডিজিটাল-সাম্রাজ্যবাদের মুখোশ ছিঁড়ে ফেলতে উদ্যোগীদের প্রতি এই পুস্তিকা নিবেদিত হল।

২৫ জুলাই কলকাতায় জি২০ শীর্ষ সম্মেলন বিষয়ে একটি সেমিনার হয় এবং ১৮-২০ আগস্ট দিল্লিতে উই২০ সম্মেলন আয়োজিত হয়। সেই অনুষ্ঠানে উপস্থিত সংগঠন এবং প্রতিবাদী ব্যক্তির পক্ষে

অত্রি ভট্টাচার্য

হকার সংগ্রাম কমিটি, জ্ঞানগঞ্জ, উপনিবেশ-বিরোধী চর্চা কর্পোরেট-বিরোধী চর্চা

জি২০ দিল্লি শীর্ষ সম্মেলন

ডিজিটাল ব্যবস্থায় নব্য স্ট্রাকচারাল এডজাস্টমেন্ট পলিসি

বিশ্বায়নের জন্মলগ্ন থেকেই বিশ্ব ব্যাঙ্ক, WTO, WHO, IMF, WEF বা জি২০-র মতো অতিরাষ্ট্রিক সংস্থাগুলির মাধ্যমে তৃতীয় বিশ্বের দেশগুলির ওপর বিভিন্ন কাঠামোগত পরিবর্তন চাপিয়ে প্রক্রিয়া জারী থেকেছে। ২০১৯-২০ নাগাদ পশ্চিমী দেশগুলি ভয়াবহ মন্দার পরিস্থিতিতে এসে দাঁড়ায় যা থেকে বাঁচতে তারা আবারও অতিরাষ্ট্রিক সংস্থাগুলিকে কাজে লাগিয়ে নিয়ে আসার চেষ্টা করে একটি বিরাট কাঠামোগত পরিবর্তন যার নাম তারা দেয় 'গ্রেট রিসেট' বা 'নয়া বিশ্বব্যবস্থা'। এই প্রক্রিয়ার অঙ্গ হিসাবে এবং মহামারী আর লকডাউনের আঘাত কাজে লাগিয়ে একদিকে মাত্রাছাড়া ডিজিটাইজেশনের দিকে ঠেলে দেওয়া হয় তৃতীয় বিশ্বের দেশগুলিকে। ভারতে এটা কার্যকর করা ওদের পক্ষেও যথেষ্ট কঠিন, তবু লকডাউন তাদের কাছে এক বড় হাতিয়ার হয়ে দাঁড়ায়। শ্রম কোড, নয়া শিক্ষা নীতি, জঙ্গল সংরক্ষণ আইনে পরিবর্তন থেকে শুরু করে সদ্য পাশ হওয়া জনবিশ্বাস বিল-সমস্তই এই প্রক্রিয়ার অংশ। কর্পোরেটদের স্বার্থ চরিতার্থ করার জন্যে আইনি পরিবর্তন আনা, জঙ্গল-জমি বিনামূল্যে কর্পোরেট কোম্পানির হাতে তুলে দেওয়া, লগ্নিকারীদের বিভিন্ন ছাড় দেওয়া, দেশের বাজার বিদেশী পণ্যে ছেয়ে দেওয়া ইত্যাদি সমস্ত ক্ষেত্রে রাজ্য-কেন্দ্র সমস্ত সরকারই 'বিদেশী প্রভু'দের ঠিকাদারের ভূমিকায় অবতীর্ণ। তাই কৃষি বিলের ক্ষেত্রে সরকার পিছু হঠতে বাধ্য হলেও দেখা যায় সংসদকে এড়িয়ে নানান প্রক্রিয়ায় চুক্তি চাষ এবং জিএম শস্যের চাষ লাগু করার বিভিন্ন চেষ্টা হয়ে চলেছে। খাদ্য সংকট থেকে শুরু করে জলবায়ু পরিবর্তন বিভিন্ন অজুহাত নিয়ে আসা হচ্ছে এই কর্পোরেট এজেন্ডাগুলি লাগু করতে। খাদ্য সংকট মোকাবিলা করতে শুধু জিএম শস্যই নয়, শোনা যাচ্ছে পরীক্ষাগারে তৈরি খাবারও আস্তে চলেছে বাজারে।

প্রসঙ্গত বলি এবারের জি২০ বৈঠকের অন্যতম এজেন্ডা হিসেবে রয়েছে খাদ্য সংকট এবং জলবায়ু পরিবর্তনের বিষয়টি। আর জনস্বাস্থ্যের ওপর প্রথম থেকেই এই কর্পোরেট গোষ্ঠীর বিশেষ নজর রয়েছে। ডক্টর রেড্ডি'জ ল্যাবরেটরিজ লিমিটেডের চেয়ারম্যান, সতীশ রেড্ডি এবারের জি২০ নিয়ে তাৎপর্যপূর্ণ একটি কথা বলেছেন। তিনি বলেন, 'ভারতের G20

প্রেসিডেন্সি বিশ্বের ফার্মা হাব হিসাবে দেশের পরিচয়কে শক্তিশালী করার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।'তসতীশের কত কর্পোরেরট নেতৃত্বের এই উক্তি থেকে বোঝা যায় আগামী দিনে বিশ্ব ফার্মা জায়েন্টদের নতুন নতুন এক্সপেরিমেন্টের জমি হতে চলেছে ভারত। এছাড়া বিভিন্ন ক্ষেত্রে ব্যাপক অটোমেশন এনে চাষি বিহীন চাষ, শ্রমিক বিহীন উৎপাদন, শিক্ষক বিহীন পড়াশোনা ইত্যাদির দিকে গোটা ব্যবস্থাকে ঠেলে দেওয়ার একটা চেষ্টা রয়েছে। 'নয়া বিশ্বব্যবস্থা' বা 'নিউ নর্মাল'-এর দিকে মানুষকে নিয়ে যাবার চেষ্টা চলছে। কিন্তু ২০২০-২০২১-এর থেকে পরিস্থিতি অনেক বদলেছে। ইউক্রেন যুদ্ধকে কেন্দ্র করে পশ্চিমী শিবির আর এদিকে চিন-রাশিয়া শিবিরের মধ্যে দ্বন্দ্ব আজ তীব্র হচ্ছে। এই দ্বন্দ্বের প্রতিফলন বিগত জি২০ সভাতেও দেখা গেছে যেখানে বেশ কিছু বিষয়ে ওরা সর্বসম্মত সিদ্ধান্তে আসতে পারেনি। তাই আজ বিশ্বকে ওদের পক্ষে ঢেলে সাজানো অত সহজ হচ্ছেনা। ডিজিটাইজেশনের প্রক্রিয়া তো শুধু আজ নয় সেই ডিমনিটাইজেশনের সময় থেকেই ধারাবাহিকভাবে চাপিয়ে দেওয়া হয়েছে সাধারণ মানুষের ওপর। নানাভাবে বাধ্য করা হলেও আজও দেশের খুচরো বাজারের বড় অংশই থেকে গেছে এই ডিজিটাল অর্থনীতির দুনিয়ার বাইরে। আমাদের কর্তব্য ওদের এই এজেন্ডার প্রত্যেকটি পদক্ষেপের দিকে সতর্ক নজর রাখা, গভীরে গিয়ে পলিসিগত যেকোনো পরিবর্তনকে বোঝার চেষ্টা এবং ব্যাপক প্রতিরোধ তৈরি করে এই ধরণের এজেন্ডাকে গোড়া থেকেই রুখে দেওয়ার অঙ্গীকার করা।

কর্পোরেট পৃথিবীর কাঠামো বদলানোর উদ্দেশ্যে বড় বড় প্রকল্প নামায় যেমন করোনা, লকডাউন, নোট বাতিল - তার জন্যে বিপুল বড় বিনিয়োগের উদ্দেশ্য অধিকাংশ সময়ই পূরণ হচ্ছে না। নোট বাতিল ছিল শিল্পবিপ্লবীয় ডিজিটাল বিশ্ব বাজার ব্যবস্থাকে ডিজিটাল পুঁজি নির্ভর বিশ্ব ব্যবস্থার দিকে ঠেলে দেওয়ার প্রথম দিককার বড়তম প্রকল্প। ফুচকা, চা দোকানে পে-টিএমের স্ক্যান করে ডিজিটাল মাধ্যমে ২ টাকা দেওয়ার ব্যবস্থা থাকা সত্ত্বেও আজ ভারতের বাজারে নগদের পরিমান ২০১৬র নোট বাতিলের আগের পর্যায়ে পৌঁছেগেছে। নরেন্দ্র মোদি বিশ্বপুঁজির হয়ে যে কাজ সমাধা করার জন্যে লকডাউন চাপিয়ে দিয়েছিলেন, সে উদ্দেশ্য সম্পূর্ণ ব্যর্থ হয়েছে।

নতুন ডিজিটাল পুঁজি ২০০০ থেকে যে বিপুল পুঁজি বিনিয়োগ করে ২০ বছর পরে বিকল্পবুদ্ধির যে প্রভাব ফেলতে চেয়েছিল, তার ধারেকাছে পৌঁছতে পারে নি কর্পোরেট ব্যবস্থা। ফলে গত কয়েক বছরে প্রচুর চাকরি ছাঁটাই, বিনিয়োগ তুলে নেওয়া, কোম্পানি বন্ধ, আমেরিকায় ৩টে ব্যাঙ্ক ফেলের মত ঘটনা আখছার ঘটছে। ফলে ডলারের নামের আর মানের হানি ঘটল সারা বিশ্বকে বর্তমান কালের বড়তম বড় মন্দায় ঠেলে দিয়ে। সঙ্ঘীদের বাপের বাড়ি আমেরিকার পতন নিশ্চিন্ত হয়েছে এর ফলে।

লকডাউনের বাজওয়ার্ড ওয়ার্ক ফ্রম হোম ভেস্তে যাওয়ার মুখে। চ্যাট জিপিটির বাবা-মা স্যাম অল্টম্যানের নিদান ওয়ার্ক ফ্রম হোম কার্যকর হাতিয়ার নয়। বিকল্পবুদ্ধির গড ফাদার জিওফ্রি হিন্টন গুগল থেকে পদত্যাগ করেছেন [নাকী ছাড়িয়ে দেওয়া হয়েছে?]। কর্পোরেট ভেবেছিল ওয়ার্ক ফ্রম হোম করিয়ে চাকুরেকে চুক্তির চাইরের সময়েও কাজে লাগানো যাবে আর আপিস ইত্যাদির স্থায়ী খরচের হাত থেকে মুক্তি পাওয়া যাবে।

অল্টম্যানের বক্তব্যে প্রমান এই পরিকল্পনা ব্যর্থ হয়েছে। অর্থাৎ লকডাউনের আরও একটা হাতিয়ার অকার্যকর প্রমানিত হল। কিন্তু বিশ্ব-জিডিটাল পুঁজিপতিরা তাদের ব্যর্থতা থেকে শিক্ষা নিয়ে বারবার কোমর বেঁধে নতুন করে বিকেন্দ্রিভূত বাজার ধরার উপায় বার করতে নতুন করে ঝাঁপিয়ে পড়েছেন। গত এক দশকে তাঁদের বাজি সঙ্ঘী, কর্পোরেট-বন্ধু প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আর দেড়শ কোটি আবাদিওয়ালা এই ভারত। তাই জি২০র লক্ষ আগামী তিন বছর ভারতকে সামনে রেখে নতুন করে বিশ্বায়নের ঘুঁটি সাজানো। কিন্তু এই সম্পদ, এত ক্ষমতা, এত সেনাবল থাকা সত্ত্বেও এই বৈচিত্রের দেশে কর্পোরেট যা করতে চায় মানুষকে এক ছাচে ঢালতে, সেটা হকার-কারিগর-চাষী উৎপাদন ব্যবস্থার চরিত্রের জন্যেও ব্যর্থ হবেই হবে। কোমর বাঁধুন কর্পোরেট আজও তার উন্নয়ন চাপিয়ে দিতে ব্যর্থ ট্রায়াল-এরর পদ্ধতিই চালিয়ে যাবে। কিন্তু আমাদের মত করে প্রতিরোধ চালিয়ে যেতে হবে।

---

২০ সম্মেলনের বাহানায় উচ্ছেদ হলেন ৩ লক্ষ

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সভাপতিত্বে আগামী ৯-১০ সেপ্টেম্বরে অনুষ্ঠিত হতে চলেছে G20 সম্মেলন। চারিদিকে এখন সাজ সাজ রব। বিদেশী-প্রভুদের ঠিকঠাক অভ্যর্থনার বলি হচ্ছেন বস্তিবাসী, পথ-হকার এবং স্থানীয় খেটে খাওয়া মানুষ। আর এই বলপ্রয়োগের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর ন্যূনতম সুযোগ বা প্রতিবাদের পরিসরটুকুকেও কেড়ে নেওয়া হয়েছে দেশজুড়ে ফ্যাসিবাদী আক্রমণ নামিয়ে এনে। আজ পর্যন্ত শুধুমাত্র এই জি ২০ সম্মেলনকে ঘিরে উচ্ছেদ হওয়া মানুষের সংখ্যা ৩ লক্ষ। জন্মলগ্ন থেকেই আমাদের দেশে উন্নয়ন আর উচ্ছেদ এই দুটো শব্দ মুদ্রার দুটো পিঠে লেখা হয়ে রয়েছে- এক্ষেত্রেও তার ব্যাতিক্রম হল না।

সার্বিক ভাবে G20-র উদ্দেশ্য এবং প্রেক্ষাপট ঘিরে রয়েছে আরও কিছু প্রশ্ন আর তার জন্য একটু পিছন ফিরে এর ইতিহাসটাও জেনে নেওয়া জরুরি। দ্বিতীয় বিশ্বযুদ্ধ-পরবর্তী অর্থনৈতিক নীতির আন্তর্জাতিক সমন্বয়ের লক্ষ্যে একাধিক উদ্যোগের একটি সিরিজের সর্বশেষ পদক্ষেপ G20, যার মধ্যে রয়েছে 'ব্রেটন উডসের' দুই যমজ সন্তান-আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আই এম এফ) এবং বিশ্বব্যাংকের মতো প্রতিষ্ঠান-এখন যার নাম বলা যায় বিশ্ব বাণিজ্য সংস্থা (WEF)।

১৯৯০ এর দশকের শেষের দিকে কানাডার শিক্ষাবিদ কে মার্টিন এবং মার্কিন কোষাগার সচিব সামারস উদীয়মান বাজারে ব্যাপক ঋণ সংকটকে মোকাবিলার জন্য G20 ফর্মুলা দিয়েছিলেন। ১৯৯৭-১৯৯৮ এর আর্থিক সংকটের সময় থেকেই বোঝা যায়, বিশ্বায়নের এই পৃথিবীতে দাঁড়িয়ে G7, G8 এবং ব্রেটন উডস কাঠামো দিন দিন পুঁজিবাদকে

টিকিয়ে রাখার ক্ষেত্রে অকার্যকরী হয়ে পড়বে। তাই তাঁরা একটি নতুন, বৃহত্তর বিশ্ব অর্থনীতির স্থায়ী গোষ্ঠীর ধারণা নিয়ে এসেছিলেন। বিশ্বায়নী কাঠামোকে স্থায়িত্ব দেবার ক্ষেত্রে জি২০ নতুন কণ্ঠস্বর নিয়ে হাজির হবে এমনটাই আশা ছিল তাঁদের। এভাবে পশ্চিমী দুনিয়ার সঙ্কট তৃতীয় বিশ্বের দেশগুলোর ঘাড়ে চাপিয়ে দেওয়ার একটা পথ খুঁজেছিল কর্পোরেটেরা। আজকে নয়া উদারনীতি একের পর এক সঙ্কটের বৈতরণী এভাবেই পার হতে চাইছে।

এই গ্রুপ অফ টুয়েন্টি (G20) ১৯টি দেশ (আর্জেন্টিনা, অস্ট্রেলিয়া, ব্রাজিল, কানাডা, চীন, ফ্রান্স, জার্মানি, ভারত, ইন্দোনেশিয়া, ইতালি, জাপান, কোরিয়া প্রজাতন্ত্র, মেক্সিকো, রাশিয়া, সৌদি আরব, দক্ষিণ আফ্রিকা, তুরস্ক, ইউনাইটেড কিংডম, এবং মার্কিন যুক্তরাষ্ট্র) এবং ইউরোপীয় ইউনিয়ন নিয়ে গঠিত। G20 সদস্যরা বিশ্বব্যাপী জিডিপির প্রায় ৮৫% ধারণ করে, বিশ্ব বাণিজ্যের ৭৫% এবং বিশ্বের জনসংখ্যার প্রায় দুই-তৃতীয়াংশকে প্রতিনিধিত্ব করে। G20 হল আন্তর্জাতিক অর্থনৈতিক সহযোগিতার প্রধান ফোরাম এবং এটি সমস্ত প্রধান আন্তর্জাতিক অর্থনৈতিক ইস্যুতে স্থিতিশীলতা রক্ষা করতে এবং প্রকৃতপক্ষে কর্পোরেটদের শাসন কাঠামোকে শক্তি দিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বিগত G20 র সভাপতিত্ব করে ইন্দোনেশিয়া, এবার পালা ভারতের। ইন্দোনেশিয়ায় থিম ছিল- একসাথে পুনরুদ্ধার করুন, শক্তিশালী পুনরুদ্ধার করুন, কোভিড মহামারী থেকে শক্তিশালী এবং অন্তর্ভুক্তিমূলক বিশ্বব্যাপী পুনরুদ্ধারকে এগিয়ে নেওয়ার ডাককে মাথায় রেখে এই স্লোগান সামনে আনে তারা। ধারণাটি ছিল G20 সমষ্টিগত পুনরুদ্ধারের জন্য সকলকে নিয়ে চলার এক দৃষ্টিভঙ্গি সামনে রাখবে এবং পরিবেশ বান্ধব ও স্থায়ী উন্নয়নের একটি নতুন অধ্যায়ের দিকে এগিয়ে যাবে।

ইন্দোনেশিয়া সম্মেলনের তিনটি প্রধান স্তম্ভ :- i) গ্লোবাল হেলথ আর্কিটেকচার - এক দেশ থেকে আরেক দেশে যাওয়ার জন্য নির্দিষ্ট কিছু স্বাস্থ্যবিধি লাগু করা এবং ভবিষ্যতের যে কোনো মহামারীর প্রতি বিশ্ব সম্প্রদায়ের স্থিতিস্থাপকতা নিশ্চিত করতে শক্তিশালী বিশ্বব্যাপী সহযোগিতা; ii) ডিজিটাল রূপান্তর - বর্তমান যুগে সাধারণ সমৃদ্ধি সুরক্ষিত করতে বিশ্ব অর্থনীতির দ্রুত ডিজিটালাইজেশন; এবং iii) টেকসই শক্তির রূপান্তর - পরিবেশ বান্ধব, স্বচ্ছ এবং উজ্জ্বল ভবিষ্যত নিশ্চিত করার জন্য গ্রিন এনার্জিতে রূপান্তর দ্রুততর করার আহ্বান। এই স্লোগানগুলোর আড়ালে আছে অনেক এজেন্ডা যা ‘খোলা বাজার’ মিথের মতো নানান মিথ তৈরি করে আদপে কর্পোরেটদের একচেটিয়া রাজকে সুনিশ্চিত করে। নানা মোড়কে, নানা অছিলায় তারা ধীরে ধীরে আমাদের তৃতীয় বিশ্বের জল-জমি-জঙ্গল এবং আজও টিকে থাকা দেশিয় বাজার এবং দেশীয় উৎপাদন ব্যবস্থা গ্রাস করে। মহামারী মোকাবিলার নামে অপরীক্ষিত ভ্যাকসিন আর অতিরাষ্ট্রিক কাঠামোর নিয়মকানুন চাপিয়ে দেয় সাধারণ মানুষের ইচ্ছা-অনিচ্ছা-গণতন্ত্র-দেশের সার্বভৌমত্বের তোয়াক্কা না করে। জঙ্গল কেটে সাফ করে প্রতিনিয়ত পরিবেশ ধ্বংস করে চলেছে যে কর্পোরেটেরা তারাই আবার পরিবেশবান্ধব উন্নয়নের নামে একচেটিয়া গ্রিন এনার্জির ব্যবসা চাপিয়ে দেয় আমাদের ওপর। খাদ্যের ব্যপক উৎপাদনের প্রয়োজনীয়তার কথা বলে তারা ফরটিফায়েড চাল, ল্যাবে তৈরি খাবার থেকে শুরু করে বিভিন্ন জিন বদল করা খাদ্য বাজারে নিয়ে আসার রাস্তা প্রশস্ত করে।

একদিকে কর্পোরেট তোষামোদে উচ্ছেদ হচ্ছেন দেশের গরীব মানুষ আর তার বিরুদ্ধে প্রতিবাদ করার ন্যূনতম অধিকারটুকুও কেড়ে নিয়েছে দেশের এককেন্দ্রিক ফ্যাসিস্ত সরকার। মোদীজি তাঁর শাসনকালের গোড়া থেকেই দেশের অভ্যন্তরের বহুত্বকে সম্পূর্ণ নাকচ করার পথ প্রশস্ত করছেন। তাই 'হিন্দি, হিন্দু হিন্দুস্থান' আজ দেশের শাসকের স্লোগান। ওদিকে পৃথিবী জুড়ে দেখা যাচ্ছে একই রকম হাওয়া। এবারের G20 সম্মেলনের ট্যাগলাইন খেয়াল করুন। বিমান বন্দরে বিশাল হোর্ডিং-এ লেখা - এক বিশ্ব, এক পরিবার, এক ভবিষ্যৎ (One Earth. One Family. One Future)। মেট্রো রেলে এই ট্যাগ লাইন সহ ভেসে উঠছে ফরটিফায়েড চাল আর গ্রিন এনার্জির বিজ্ঞাপন। গুঢ় রহস্য কিচ্ছু না, এ সেই ২০৩০-এর মধ্যে এক নয়া বিশ্বব্যবস্থা স্থাপনের প্রক্রিয়া তথা 'গ্রেট রিসেট' প্রক্রিয়ার অংশ - যে স্বপ্ন ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের ক্লাউস শোয়াব সহ বিশ্বের তাবড় তাবড় কর্পোরেটেরা দেখিয়েছেন মহামারী আর বিশ্বজুড়ে মানুষকে রাতারাতি গৃহবন্দী করে দেওয়ার ঠিক আগে। তবে মহামারীর সময়ের থেকে আজকের সময় খানিকটা হলেও আলাদা।পরিস্থিতি দ্রুত বদলাচ্ছে। এক বিশ্ব ব্যবস্থার পথিকৃৎদের পথ অত মসৃণ আর নেই। সাম্রাজ্যবাদী শক্তিগুলির মধ্যেও দ্বন্দ্ব তীব্র হচ্ছে। ইউক্রেন যুদ্ধ নিয়ে পশ্চিমী দুনিয়ার সঙ্গে চীনের প্রবল মতানৈক্য আজ সকলেই আঁচ করতে পারছেন। জি২০-র বিগত বৈঠকেও তা চোখে পড়েছে। তাই ওদের এজেন্ডা ২০৩০ লাগু করা হয়ত আজ আর খুব সহজ হবে না।

জাতি সংঘ, বিশ্ব বাণিজ্য সংস্থা, বিশ্ব স্বাস্থ্য সংস্থা, বিশ্ব ব্যাঙ্ক, IMF, প্রভৃতি অতিরাষ্ট্রিক সংস্থা যেসব নীতি নির্ধারণ করছে পৃথিবীর বিভিন্ন সদস্য রাষ্ট্রগুলি সেই ছকে নিজেদের নতুনভাবে সাজিয়ে নিচ্ছে বা কাঠামোগত পরিবর্তন করতে বাধ্য হচ্ছে। নয়া উদারনৈতিক অর্থনীতির ঘোষিত উদ্দেশ্য গোটা পৃথিবী জুড়ে একটিমাত্র বাজার তৈরি করা যার গালভরা নাম খোলা বাজার অর্থনীতি (free market economy), যে বাজারের কর্তৃত্ব থাকবে সরাসরি অতিরাষ্ট্রিক সংস্থাগুলির হাতে। আর এই বিশ্ব জোড়া নিয়ন্ত্রণ কায়েম করতেই এই নয়া বিশ্বব্যবস্থার প্রবক্তারা উঠে পড়ে লেগেছে এক সংস্কৃতি, এক শাসনব্যবস্থা, একরকম আইন-কানুন লাগু করতে। বিগত ৩ বছর ধরে জনস্বাস্থ্য ও সংক্রামক রোগকে ব্যবহার করে এক বিশ্বব্যবস্থা গড়ে তোলার এজেন্ডাকে কিভাবে গিলিয়ে দেওয়া হল তা আমরা তো সকলেই দেখলামই। বিশ্ব জুড়ে লকডাউনে পকেট ভরল কর্পোরেটের। পুঁজির সংকটের থেকে নিষ্কৃতি পাওয়ার জন্য কর্পোরেটেরা কর্মী সংকোচনের মাধ্যমে মুনাফা ধরে রাখার মরিয়া চেষ্টা করলো। তাতে সাধারণ মানুষ হাজারে হাজারে কাজ হারালো, রোজগার হারাল। ধাপে ধাপে নিয়ে আসার চেষ্টা হচ্ছে এআই, অটোমেশন এবং সর্বস্তরে ব্যাপক ডিজিটাইজেশন। তাই কখনও সংক্রামক ব্যধির অছিলায় খাড়া করা গণ হিস্টিরিয়া, আবার কখনো বা যুদ্ধ, খাদ্য, পরিবেশ হয়ে দাঁড়াচ্ছে কর্পোরেটের হাতিয়ার। দেখা যাচ্ছে খাদ্য ও পরিবেশের ওপর আজেন্ডা ২০৩০ বিশেষভাবে নজর দিতে বলছে।

২০২০ সালে প্রকাশিত জাতিসংঘের একটি প্রতিবেদন থেকে জানা যাচ্ছে যে ১৯৬০-২০১৫ সময়কালে পৃথিবী জুড়ে কৃষি সম্পদের উৎপাদন তিন গুণ বৃদ্ধি পেয়েছে। জনসংখ্যা বৃদ্ধির হার তুলনায় অনেক কম। হিসাব মতো ২০১৫ সালে প্রয়োজনের অতিরিক্ত উৎপাদন হয়েছিল। অথচ পৃথিবীর বেশীরভাগ মানুষ আজও অভুক্ত। ২০২২ সালে জাতি

সংঘের আর একটি প্রতিবেদনে দেখা যাচ্ছে পৃথিবী জুড়ে ক্ষুধার্ত মানুষের সংখ্যা বাড়ছে। ক্ষুধা নিরাময়ের প্রশ্নে কর্পোরেট লবি কখনো খাদ্যের বা সম্পদের বন্টন নিয়ে কথা বলে না। বরং খাদ্য সঙ্কটের কথা বলে তারা জিন-প্রযুক্তি ব্যবহার করে ফলন বাড়ানোর নিদান দেয়।

আমাদের দেশের ক্ষেত্রে কৃষিতে জিনপ্রযুক্তির ব্যবহারের ইতিহাসটা ঠিক কী রকম? ২০০২ সালে আমাদের দেশে বি টি তুলোর চাষে ছাড়পত্র দেওয়া হয়। ২০০৯ সালে মাহিকো কোম্পানি বি টি বেগুনের বীজ বাজারে আনে। ২০১২সালে দেশের উচ্চতম আদালত বি টি বেগুন এবং অন্যান্য জি এম বীজের ক্লিনিকাল ট্রায়াল ও চাষের ওপর দশ বছরের নিষেধাজ্ঞা জারি করে। ২০২২সালে আদালত নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার সাথে সাথে কর্পোরেট লবির চাপে GM সর্ষের চাষ শুরু করার তোড়জোড় চলছে।

Welcome to 2030. I own nothing, have no privacy, and life has never been better- ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের ক্লাউস শোয়াবের ২০৩০-এর মধ্যে 'নয়া বিশ্বব্যবস্থা' প্রতিষ্ঠা করার অঙ্গীকার আর এদিকে G20 র এক বিশ্ব- এক পরিবারের ডাক, পরিবেশ বাঁচানো, খাদ্য সুরক্ষা, সংক্রামক ব্যাধির মোকাবিলা আর টেঁকসই উন্নয়নের লক্ষ্য মাত্রার নামে অতি রাষ্ট্রিক কাঠামোকে জোরদার করে মহামারী চুক্তি, ডিজিটালাইজেশন, জিএম থেকে শুরু করে একের পর এক কর্পোরেট এজেন্ডা তামাম বিশ্বের এবং মূলত তৃতীয় বিশ্বের সাধারণ মানুষের ওপর চাপিয়ে দেওয়ার চক্রান্ত মিলে মিশে রয়েছে। যাদের রুটি রুজি গেছে এই বিগত ৩ বছরে তারা জীবন দিয়ে অনেক কিছু বুঝতে শিখেছে। মানুষের সন্দেহ বাড়ছে ওদের এই ধরনের পদক্ষেপের প্রতি। ওদের প্রত্যেকটি এজেন্ডা দিন দিন আমাদের উপমহাদেশের চাষি-কৃষক-কারিগরদের ওপর, আভ্যন্তরীণ খুচরো বাজারের ওপর, ছোটো ছোটো উৎপাদকের ওপর কর্পোরেট আগ্রাসন নামিয়ে আনছে। মুষ্টিমেয় কর্পোরেটীয় ভদ্রলোকদের দুনিয়ার বাইরে ব্যাপক জনগণ আজ তাই ওদের যে কোনও এজেন্ডাকে সন্দেহের চোখে দেখে। তাই আসন্ন G20 বৈঠকের বিরুদ্ধে আওয়াজ তোলা জরুরি।

তথ্যসূত্র

1. https://www.thehindubusinessline.com/economy/agri-business/no-gm-certificate-mandatory-for-imported-food-crops-from-jan/article32431864.ece

2. https://www.thehindubusinessline.com/economy/agri-business/fssai-releases-new-draft-for-gm-food-regulations/article66160865.ece

3. This Issues Brief is based on a speech, "Working for a Better Globalization", given by the Managing Director of the IMF at the United States Conference of Catholic Bishops in Washington D.C. on January 28, 2002. The speech is available at http://www.imf.org/external/np/speeches/2002/012802.htm

4. https://thewire.in/rights/g20-cities-forced-evictions-beautification

5. Coronacapitalism: Reverse the Reset | Kobad Ghandy (Part A), Mainstream, VOL LIX No 36, New Delhi, August 21, 2021

6. https://www.hindustantimes.com/world-news/we-need-magic-seeds-what-bill-gates-said-on-global-hunger-crisis-101663045347381.html?utm_source=admitad&utm_medium=442763_3Ceoo9x7Y4aEUjNYugNEsv2qQs7DQjfwBWFmWOZpczbiYS&utm_campaign=6ce457ebca324a8a2a50508f699c17e5&tagtag_uid=-

6ce457ebca324a8a2a50508f699c17e5
7. The Global Challenge for Government Transparency: The Sustainable Development Goals (SDG) 2030 Agenda, https://worldtop20.org/global-movement/?gad=1
8. G20 Development working group, Food Security and Nutrition, G20 Food Security and Nutrition Framework.

বহ্নিহোত্রী হাজরা

জি-২০ঃ ডিজিটাল উপনিবেশ

আগামী ৯ ও ১০ সেপ্টেম্বর দিল্লিতে অনুষ্ঠিত হতে চলেছে জি-২০ গ্রুপের আঠারোতম বৈঠক। গত শতাব্দীর শেষ দশকে মূলত দক্ষিণ এশিয়া জুড়ে চলা অর্থনৈতিক মন্দার প্রক্ষিতে পুঁজিবাদ বা ধনতন্ত্রকে নতুন করে অক্সিজেন দেওয়ার জন্যই এই ২০ সদস্য বিশিষ্ট এই গ্রুপের আবির্ভাব। বস্তুত এই গ্রুপের মাধ্যমে ধনবান দেশগুলি তাদের ছেড়ে আসা উপনিবেশের উপর নতুন করে প্রভুত্ব করতে চায় এই দেশগুলির অর্থনীতিকে তাদের স্বার্থে পরিচালিত করার মাধ্যমে। এই বৈঠকের অন্যতম প্রধান উদ্দেশ্য আমাদের মত দেশে ডিজিটাল অর্থনীতিকে আরও শক্তিশালী করা যা থেকে লাভবান হবে নানা দেশী ও বিদেশী অর্থ প্রতিষ্ঠানগুলি। ২০১৬ সালের ৮ নভেম্বর সন্ধ্যায় বিমুদ্রাকরণের ঘোষণার পরের দিন সকালেই একটি চিনের খুব পরিচিত একটি কোম্পানির বিজ্ঞাপনে দেশের প্রধানমন্ত্রীর মুখ দেখা গিয়েছিল। এমন একটা সময়ে এই বৈঠক অনুষ্ঠিত হতে যাচ্ছে যখন সারা দেশ জুড়েই বাড়ছে অসাম্য, ক্ষুধা, দারিদ্র ও নজিরবিহীন বেকারত্ব। যে কোন বিরুদ্ধ স্বর দমন পীড়নের মাধ্যমে স্তব্ধ করার প্রয়াস আজ দেশে স্বতঃসিদ্ধ। নিজেদের ন্যূনতম অধিকার হারাচ্ছেন দেশের দলিত, আদিবাসী সহ সমস্ত শ্রমজীবি মানুষ। অন্যদিকে পেট্রোল সহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি, পরিবেশের অবক্ষয় (সম্প্রতি হিমাচল প্রদেশের কুলুতে বিয়াস নদীর স্রোতে বাড়িঘর ভেসে যাওয়ার কারণ বাণিজ্যিক স্বার্থ), মানবাধিকার লঙ্ঘন, গণতান্ত্রিক পরিসর ক্রমশ ক্ষুদ্র হয়ে যাওয়া সহ নানাবিধ সমস্যায় আজ আমরা জর্জরিত। একদিকে যখন প্রচুর অর্থ ব্যায়ে এই বৈঠকের প্রস্তুতি চলছে

একই সাথে শহর সাজানোর নামে চলছে একের পর এক বস্তি উচ্ছেদ। এই বৈঠকের আলোচ্য সূচিতে থাকবে শক্তি, নাগরিক পরিকাঠামো, পরিবহণ ও জলবায়ু পরিবর্তনের মত গুরুত্বপূর্ণ ক্ষেত্রে বিদেশি ও আন্তর্জাতিক অর্থপ্রতিষ্ঠান যেমন আই এম এফ, বিশ্বব্যাঙ্ক, এ ডি বি'রর লগ্নির পথ সুগম করা। সাথে থাকছে নীল অর্থনীতির পোশাকি ছদ্মনামের আড়ালে সমুদ্রের সম্পদকে লুণ্ঠন করার কুপ্রয়াস। এমনকী এই প্রতিষ্ঠানগুলি আমাদের দেশের সরকারকে দিয়ে তাদের স্বার্থে আইনও পাশ করিয়ে নিতে সক্ষম যেমন দেশে লাগু হওয়া কৃষি আইন যা আন্দোলনের চাপে প্রত্যাহার করতে বাধ্য হয়েছিল। মধ্য ও নিম্ন আয়ের দেশগুলিতে লাভজনক ক্ষেত্রে সরকারের সাথে যৌথ ভাবে বিনিয়োগ করাও উন্নত দেশ গুলির লক্ষ্য। এই বৈঠকের অন্যতম উদ্দেশ্য প্রাকৃতিক সম্পদকে বহুজাতিক কোম্পানিগুলির আয়ত্তে এনে লাভজনক ভাবে ব্যবহার করা। আজ আমাদের কৃষি ও খাদ্যকে কর্পোরেটের অধীনে আনার যে প্রয়াস জারি আছে জি২০ এর বৈঠক তাকেই মান্যতা দেবে। ভারত ইতিমধ্যেই অষ্ট্রেলিয়া, কানাডা, ব্রিটেন ও ইউরোপীয় ইউনানের সাথে মুক্ত বাণিজ্যের সনদে স্বাক্ষর করেছে। এই পথে অগ্রসর হওয়ার অর্থ দেশিয় উৎপাদনের সাথে যুক্ত অসংখ্য শ্রমজীবি মানুষের জীবিকায় টান পড়া। কোভিড পরবর্তী সময়ে রাষ্ট্রসংঘের তথ্য অনুযায়ী সারা পৃথিবী জুড়েই বেড়েছে আর্থিক ও নানা বৈষম্য, খর্ব করা হচ্ছে ট্রেড ইউনিয়ানের অর্জিত অধিকার, কেড়ে নেওয়া হচ্ছে গরীব মানুষের সামাজিক নিরাপত্তা , চালু করা হচ্ছে সব ক্ষেত্রে অটোমেশন। জি২০ র এই বৈঠকে সাধারণ মানুষের সাথে সম্পর্কিত এই বিষয়গুলি স্বাভাবিক ভাবেই আলোচ্য সূচিতে থাকবে না। কিন্তু শিক্ষা ও স্বাস্থ্য ক্ষেত্রে কিভাবে আরও ব্যক্তিপুঁজি লগ্নী করা যায় তার খোঁজ চলবে দুদিনের বৈঠকে। আর আমাদের কেন্দ্রীয় সরকার বিপুল ব্যয়ে হতে যাওয়া এই বৈঠককে কাজে লাগাতে চাইছে সামনের লোকসভা নির্বাচনে বৈতরণী পার হতে। জি২০ মূলত নয়া উদারবাদী অর্থনীতিকে সারা বিশ্ব জুড়ে রাজত্ব করার সুযোগ করে দেওয়ার প্রচেষ্ঠা চাড়া আর কিছু নয়। এর মাধ্যমে একদা প্রভুত্বকারী উপনিবেশগুলি এইভাবে নয়া উপনিবেশবাদ চাপিয়ে দিতে চাইছে ডিজিটাল অর্থনীতি চালু করার মধ্য দিয়ে। আগামি দিনে শ্রমজীবি মানুষের স্বার্থবাহী নীতি প্রণয়ণের দাবিতে তাই অজস্র সংগঠন এই বৈঠকের বিরোধিতায় পথে নেমেছে দমন পীড়নকে উপেক্ষা করে। লগ্নী পুঁজির হাতকে শক্ত করার যে প্রয়াস এই বৈঠকে হবে তার সর্বাত্মক বিরোধিতা আজকের সময়ের আহ্বান একে এগিয়ে নিয়ে যাওয়ার দায় আমাদের সবার।

দেবব্রত দে

India is now abandoning G77



ভারত জি২০ দেশগুলোর সভাপতি হয়েছে ইন্দোনেশিয়ায় শীর্ষ সম্মেলনে ১০২২এর নভেম্বরের পরে। ২০২৫এ সভাপতিত্ব দক্ষিণ আফ্রিকার হাতে যাবে। আপাতত জি২০ জোটে রয়েছে আমেরিকা, ব্রিটেন, কানাডা, দক্ষিণ কোরিয়া, ফ্রান্স, মেক্সিকো, রাশিয়া, অস্ট্রেলিয়া, তুর্কি, চিন, জার্মানি, আর্জেন্টিনা, জাপান, সৌদি আরব, ইতালি, ইন্দোনেশিয়া। ভারতের ৫০টা শহরে অন্তত ২০০ বৈঠক আয়োজিত হবে। জি২০ দেশগুলোর ৭টি গুরুত্বপূর্ণ দেশ ভারত, ব্রাজিল, আর্জেন্টিনা, ইন্দোনেশিয়া, সৌদি আরব, দক্ষিণ আফ্রিকা আর চিন ব্রিকস দেশগুলোরও সদস্য। তাছাড়া অনেকেই ওইসিডি OECD বা অর্জানাইজেশন ফর ইকনমিক কোঅপারেশন গোষ্ঠীরও সদস্য। এছাড়াও ১৯৬৪তে ৭৭টা জোটনিরপেক্ষ দেশের তৈরি সংগঠন UNCTADএরও সদস্য বহু দেশ। ১৯৭১এ জি৭৭ দেশের জোট তৈরি হয়, ভারত তারও সদস্য। দীপঙ্কর দে'র বক্তব্য, জি২০ জোট নতুন এজেন্ডা তৈরি করার চেষ্টা করলেও তাকে কার্যকরভাবে পর্দার পিছন থেকে নিয়ন্ত্রণ করছে কিন্তু OECD সেক্রেটারিয়েট - শুধু তাকে চোখে দেখা যাচ্ছে না। তিনি বলছেন আন্তর্জাতিকস্তরে নীতি নির্ধারণে ভারতের লক্ষ্য পরিষ্কার না হলেও খোলা চোখে বোঝা যাচ্ছে, সে আমেরিকার স্বার্থ পূরণ করতে জোটনিরপেক্ষ দেশগুলোর জোটবন্ধন থেকে বেরিয়ে আসতে চাইছে। বাংলাদেশের যুদ্ধে পরিষ্কার ভারত জোটনিরপেক্ষ দেশের গোষ্ঠীতে থাকায় আমেরিকা সে সময় খুব বেশি সুবিধে করতে পারে নি। নরেন্দ্র মোদির সরকারে সেই ঝোঁক স্পষ্ট হয় ট্রাম্পের নির্বাচন প্রচারে অংশ নেওয়া

থেকে। চিন কিন্তু জি৭৭ থেকে বেরিয়ে যায় নি, ২০২২এ এর সভাপতি হয়েছে পাকিস্তান। ফলে চিন এখন আমেরিকা বা ইওরোপিয় নিয়ন্ত্রণের বাইরে উন্নতিশীল দেশের নেতার অলিখিত পদে আসীন হয়েছে। ভারত সেই সুযোগ হেলায় হারাল।

India has taken over the presidency of the G-20 for 2023 from Indonesia where the G20 summit was held in November 2022. After India, Brazil will take over the presidency of the G20, followed by South Africa in 2025. During its term, India will hold more than 200 meetings across some 50 cities involving ministers, officials and civil society, leading up to a summit in the capital New Delhi in September 2023[1]. The presidency of G20 is rotational. The previous presidents of G20 have been the USA, the UK, Canada, South Korea, France, Mexico, Russia, Australia, Turkey, China, Germany, Argentina, Japan, Saudi Arabia, Italy & Indonesia.[2]

The Indian government has launched its year of the G-20 presidency on December 1 with some splendor, and 100 monuments from Kashmir to Kanyakumari lit up with India's G-20 logo symbolizing the motto "Vasudhaiva Kutumbakam, or "one earth, one family, one future". The Hindu has reminded us that in 2008, the first G-20 summit-level meeting in the U.S. was held during a moment of crisis for the world's financial systems. In 2022, the task for Indian Prime Minister and his team would be equally crucial, given the lasting effects of the Russian war in Ukraine, western sanctions on energy, economic downturns, pandemic worries and climate change issues those have been testing the foundations of globalization and an interconnected global economy.[3]

According to the experts, the two major challenges before India as the president of G20 are to : (i) show a new way, out of the problems the world is facing and; (ii) reintroduce globalization, which had been gradually replaced, by countries going its own way through nationalism.[4]

G20-a forum of developed and emerging economies

The Group of 20, also called the G-20, is a group of finance ministers and central bank governors from 19 of the world's largest economies, including those of many developing nations, along with the European Union. Formed in 1999, the G-20 promotes global economic growth, international trade, and regulation of financial markets. As the G-20 is a forum, not a legislative body, its agreements and decisions have no legal impact, but they do influence countries' policies and global cooperation.

The G-20 includes all members of the Group of Seven (G-7), a forum of the European Union and the seven of the world's

largest developed economies: France, Germany, Italy, Japan, the United States, the United Kingdom, and Canada.[5]In addition to these 8, the other 12 members of the G20 are: Argentina, Australia, Brazil, China, India, Indonesia, Mexico, Russia, Saudi Arabia, South Africa, South Korea, and Turkey.

G20 also has many common members with the 38-member Organization for Economic Co-operation and Development (OECD) - an international organization that works to build better policies for 'better lives'. OECD provides a unique forum and knowledge hub for data and analysis, exchange of experiences, best-practice sharing, and advice on public policies and international standard-setting[6]. OECD members are countries which describe themselves as committed to democracy and the market economy, providing a platform to compare policy experiences, seek answers to common problems, identify good practices and coordinate domestic and international policies of its members. In 2021, after long negotiations at the OECD, participating countries agreed to an outline for new tax rules- the Global Tax Deal. In a historic agreement, announced in Paris under the aegis of OECD, 130 countries (out of the 139 involved in talks), including India, have endorsed the OECD/G20 Inclusive Framework Tax Deal.[7]

The majorities of OECD members are high-income economies with a very high Human Development Index (HDI) and are regarded as developed countries. The OECD members are: Austria, Belgium, Canada, Denmark, France, Germany, Greece, Iceland, Ireland, Italy, Luxembourg, Netherlands, Norway, Portugal, Spain, Sweden, Switzerland, Turkey, United Kingdom, United States were the 20 founding members. Later other 18 member countries joined the OECD. These are: Japan, Finland, Australia, New Zealand, Poland, Hungary, the Czech Republic, Slovakia, Mexico, South Korea, Estonia, Latvia, Lithuania, Romania, Bulgaria, Colombia, Latvia, Costa-Rica. Actually OECD is an extended EU which also includes, among others, USA, Canada, Japan, Australia, Turkey, South Korea, Mexico, Colombia, and Costa –Rica.

In this figure the common members of both OECD and G20 are: G7, EU (baring a few), the USA, Canada, Australia, Japan, Mexico, South-Korea and Turkey. The major additions to the G20 are: Brazil, Russia, India, China, South Africa, Saudi Arabia, and Argentina



(BRICS+2) besides Indonesia.

In short G20 can be described as an extended OECD with BRICS+2 and Indonesia as new members. In other words, G20 is a forum of developed and emerging economies of the world.

Incidentally, seven prominent members of G20, namely, India, Brazil, Argentina, Indonesia, Saudi Arabia, South Africa and China are also members of G77. The Group of 77 is a coalition of 134 developing countries, designed to promote its members' collective economic interests and create an enhanced joint negotiating capacity in the United Nations. The group was founded on 15 June 1964, by 77 non-aligned nations in the "Joint Declaration of the Seventy-Seven Countries" issued at the United Nations Conference on Trade and Development (UNCTAD).

In 1971, G-24, where India is also a member, was established by the G-77 as one of its Chapters to help to coordinate the positions of developing countries on international monetary and development finance issues as well as to ensure that their interests are adequately represented in negotiations on international monetary matters. Recently, the developing countries under the G24 grouping have objected to the proposal of making sovereign commitments to not introduce any future digital services tax like an equalization levy. Under Pillar One of the Global Tax Deal, all signing countries are required to withdraw their existing digital services taxes and other unilateral measures with respect to all companies and also commit not to introduce any new unilateral measures in the interim period.[8] These countries refused to make a sovereign commitment on future digital services tax.

OECD sets the agenda

The official website of OECD claims that the OECD participates in all G20 meetings at the highest political level (Leaders, Ministers, Sherpas, Finance Deputies) as well as at the technical level (Working Groups) and contributes to virtually all of the Group's strands of work and most G20 working groups with data, analytical reports, policy recommendations and standards. The G20 and OECD members together represent 85% of global GDP, 75% of international trade and two-thirds of the world's population. OECD believes that because of its size and strategic importance, the G20 has a crucial role in setting the path for the future of global economic growth[9].

According to OECD document, it contributes to all stages of preparation of G20 Summits[10], namely,

• Helping to define the agenda by developing narratives

• Providing policy options by preparing evidence-based analysis and reports

• Forging consensus across the membership around Presidency's

priorities

• Strengthening the global governance by setting global standard on key issues

• Ensuring that legacies and commitments from previous Presidencies are monitored and delivered

The OECD website also claims that under the supervision of the OECD Sherpa to the G20, the Global Governance and Sherpa Unit of OECD, plays an essential role in coordinating and ensuring coherence and relevance to all the Organization's contributions to the G20. The OECD Secretary-General participates at the highest political level, while the OECD Chief Economist represents the OECD at Finance Deputies meetings[11].

Though India is the official president of the G20 summit in 2023, it appears that the OECD secretariat sets the agenda and runs the show from the backstage.

India, China and G77

India, once the leader of the non-aligned movement, is one of the founding members of G77. But at present India's engagements are more with the developed nations of G20 than the developing countries of G77.

In an article columnist Shastri Ramachandran has alleged that the government of India has no clear-cut stand and approach when it comes to campaigning for positions in the United Nations including specialized agencies of the world body and formations such as the Group of 77 (G77)[12].On the question of India's stand on G77, India's former UN Under-Secretary General Shashi Tharoor, said that once the government of India had attached a great deal of importance to the G77, a body which India often led at the UN as the 'global trade union of developing countries'. However as the "G20 grew in importance, there has inevitably been some diminishing of the prominence given to the G77."[13] Apparently it is clear that India is now abandoning G77 – its long trusted ally.

Ostensible America was upset with the policy of non-alignment, which had been the basis of Indian foreign policy since independence. America's Biden administration wanted India to break away from the world famous policy of non-alignment. Not only this, America also wanted India to distance itself from Russia, which stands by India in every crisis[14].

Newspaper reports suggest, USA administration has put pressure on India to "move away" from its long-term history of non-alignment G77 and partnership with Russia. It is reported that Deputy Secretary of State Wendy Sherman told members of the powerful House Foreign Affairs Committee during a Congressional hearing that

America shares a very critical relationship with India. "They are the largest democracy in the world. We have a strong defence relationship with them. They are part of the Quad, with Australia and Japan, and we are moving forward on many achievements that are critical to Indo-Pacific prosperity and security," she said. "We, obviously, would prefer that India move away from their long-term history of non-alignment G77 partnership with Russia," Sherman said in response to a question from Congressman Tim Burchett.[15]

While India is dithering on G77, China, whose aim is to promote collective economic interests of the members and to try to have a bigger say in the world organization, has aligned itself with the group. Pakistan assumed the chairmanship of Group of 77 and China for 2022[16].

Though the Group of 77 lists China as one of its members, it does not consider itself to be a member. As a result, official statements of the G77 are delivered in the name of The Group of 77 and China or G77+China. Nevertheless, the Chinese government provides consistent political support to the G77 and has made financial contributions to the Group since 1994.

China's Permanent Representative to the United Nations Zhang Jun said in September 2022 that China would continue to unswervingly support the Group of 77 (G77), to accelerate the implementation of the sustainable development goals (SDG 2030) and achieve mutual development and prosperity. During the 46th "G77 and China" Ministerial Meeting in New York, Zhang said cooperation and solidarity for both sides were needed more than ever, as risks and challenges, such as COVID-19, geographical conflict, climate change and food and energy crisis, were intertwined. Being one of the developing countries, Zhang said China would welcome the G77 members to positively engage in the Global Development Initiative (GDI) cooperation and join the Group of Friends of the GDI, together seeking and building a global development community.[17]

Conclusion

Apparently India has moved closer to the OECD camp ditching its old allies in G77. China has emerged as the leader of the developing south.

On Russia also India has also diluted its previous stand on remaining neutral on Russia-Ukraine war. Though rupee –ruble trade has been agreed between India and Russia, large Indian lenders are reluctant to process direct rupee trade transactions with Russia months after the mechanism was put in place for fear of becoming the target of sanctions by the United States and Europe over the invasion of Ukraine. Lenders with more exposure to the international financial system, and in particular the dollar, are worried their businesses could

be disrupted if targeted by sanctions, reports Reuters.[18] The Bali declaration of G20, India echoed the western perspective of the Russia –Ukraine war and was appreciated by the USA and its allies. In a statement dated November 18, 2022, the White House said, India played an essential role in negotiating the Bali Declaration of the just concluded G-20 Summit in Indonesia. It has applauded Prime Minister Narendra Modi for saying that 'today's era must not be of war'.

